মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশাঁ
প্লাজা (৭ম তলা)
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।
www.mra.gov.bd

কমিটি প্রধান : জনাব লক্ষণ চন্দ্র দেবনাথ, নির্বাহী পরিচালক (যুগ্ম সচিব), এমআরএ
সভার তারিখ : ০৬ জানুয়ারি ২০২২
সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা
স্থান : এমআরএ কনফারেন্স রুম।
উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-"ক"

**বিষয় : অথরিটির ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর ২০২১) অর্জন বিষয়ক তথ্য প্রদান সভার কার্যপত্র।**

সরকারের নীতি ও কর্মসূচীর যথাযথ বাস্তবায়নের মাধ্যমে কাঙ্খিত লক্ষ্য অর্জন এবং সরকারি কর্মকান্ডে দায়বদ্ধতা নিশ্চিতকরণের নিমিত্ত ২০১৪-১৫ অর্থবছর হতে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি চালু করা হয় এবং ২০১৬-১৭ অর্থবছরে প্রথম এমআরএ'র সাথে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থমন্ত্রনালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়।

গত ৩০ জুন ২০২১ এ মন্ত্রণালয়ের সাথে অথরিটির ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সম্পন্ন হয়। প্রতি ৩ মাস পর পর APA-এর ত্রৈমাসিক অর্জন APAMS সফটওয়্যারে নির্ধারিত সময়ের মধ্যে প্রমাণকসহ এন্ট্রি প্রদান ও মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা রয়েছে।

সেপ্রেক্ষাপটে, অথরিটির ২০২১-২০২২ অর্থবছরের ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর ২০২১) অর্জনের তথ্য যথাযথভাবে সফটওয়্যার এন্ট্রি প্রদান ও মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অথরিটির সকল শাখার প্রধানগণকে শাখার সংশ্লিষ্ট অংশের অর্জন যথাযথ প্রমাণকসহ ইতিমধ্যে ০৩/০১/২০২২ তারিখের মধ্যে ফিন্যান্স এন্ড ফান্ড ম্যানেজমেন্ট শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হয়।

অথরিটির শাখাসমূহ প্রমাণকসহ প্রতিবেদন দাখিল করেছেন। সেপ্রেক্ষিতে এপিএ'তে হালনাগাদ তথ্য ও প্রমাণকসমূহ যাচাই বাছাইকরণের লক্ষ্যে ০৬.০১.২০২২ তারিখে বেলা ১১.০ ঘটিকায় এমআরএ'র কনফারেন্স রুমে একটি সভা আয়োজন করা হয়।

**সভার আলোচ্য বিষয়সমূহ:**

১। এপিএ'তে হালনাগাদ তথ্য ও প্রমাণকসমূহ যাচাই বাছাইকরণ;
২। অথরিটির শাখাসমূহের তথ্যের লক্ষ্য এবং অর্জনের বিষয়ে আলোচনা;
৩। শাখার তথ্যের সঙ্গে প্রমাণক সংযুক্তকরণ;
৪। বিবিধ।

প্রথমেই কমিটির প্রধান মহোদয় উপস্থিত সদস্যদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর এমআরএ এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ এর লক্ষ্যমাত্রা অর্জন বিষয়ক বিস্তারিত তথ্যাদি ও বর্তমান অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনার প্রেক্ষিতে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১। নমুনা ছক অনুযায়ী দাখিলকৃত প্রতিবেদন যাচাই বাছাই শেষে সংশ্লিষ্ট শাখাসমূহের প্রধানদের (উপপরিচালক) উদঘাটিত ত্রুটি-বিচ্যুতি অবহিতকরণ;
কমিটি'র সদস্যগণ কর্তৃক নমুনা ছকে অথরিটির স্ব স্ব শাখাসমূহের দাখিলকৃত প্রতিবেদনে উদঘাটিত ত্রুটি/বিচ্যুতি নিরসন করা প্রয়োজন। সে প্রেক্ষাপটে, শাখাসমূহকে ত্রুটি/বিচ্যুতি নিরসনের লক্ষ্যে অবহিতকরণ;
২। যেসকল শাখার দাখিলকৃত প্রতিবেদনের সঙ্গে প্রমাণক নেই তাদেরকে জরুরী ভিত্তিতে প্রমাণক দাখিলের জন্য সংশ্লিষ্টকে অবহিতকরণ;

বর্ণিত প্রেক্ষাপটে কমিটির প্রধান মহোদয় ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষমাত্রা অর্জনের জন্য সকলকে সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করেন। এছাড়া ২০২১-২২ অর্থবছরের এপিএতে ১ম স্থান অর্জন করার লক্ষ্যে সকল শাখাকে অধিকতর তৎপর

হওয়ার জন্যও পরামর্শ প্রদান করেন। এজন্য উপযুক্ত প্রমানকসহ নির্ধারিত সময়ের মধ্যে এপিএ টিমের নিকট তথ্য সরবরাহ করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। এপিএতে নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের বিষয়টি অথরিটির সকল শাখার উপর নির্ভরশীল হওয়ায় প্রদত্ত লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে কাজ করার জন্য একযোগে গুরুত্ব আরোপ করেন।

০৩.০২.২২

লক্ষণ চন্দ্র দেবনাথ
নির্বাহী পরিচালক (যুগ্ম সচিব)
কমিটি প্রধান (এপিএ)
এমআরএ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক সাপোর্ট সার্ভিস এর দপ্তর, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
২) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক অপারেশন এর দপ্তর, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
৩) পরিচালক, ফিন্যান্স, এ্যাকাউন্টস ও ফান্ড ম্যানেজমেন্ট বিভাগ, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
৪) পরিচালক, লাইসেন্স, রেগুলেশন এন্ড ল বিভাগ, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
৫) পরিচালক, মানব সম্পদ ও প্রশাসন বিভাগ, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
৬) সিস্টেম এনালিস্ট , সিআইবি এন্ড আইসিটি বিভাগ, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
৭) উপপরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
৮) উপপরিচালক, এমআইএস এন্ড সিডিবি শাখা, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
৯) উপপরিচালক, অনসাইট সুপারভিশন-১ শাখা, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
১০) উপপরিচালক, অনসাইট সুপারভিশন-২ শাখা, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
১১) উপপরিচালক, সিআইবি ম্যানেজমেন্ট শাখা, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
১২) উপপরিচালক, লাইসেন্স শাখা, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
১৩) উপপরিচালক, হিসাব শাখা, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
১৪) উপপরিচালক, কমন সার্ভিস শাখা, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
১৫) উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পার্সোনেল শাখা, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
১৬) উপপরিচালক, অনসাইট সুপারভিশন-৩ শাখা, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
১৭) উপপরিচালক, রেগুলেশন শাখা, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
১৮) উপপরিচালক, পলিসি এন্ড লিগ্যাল শাখা, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
১৯) উপপরিচালক, প্ল্যানিং এন্ড রিসার্চ শাখা, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
২০) উপপরিচালক, অফসাইট মনিটরিং শাখা, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

০৬.০২.২০২২

(মোঃ আরিফুজ্জামান)
সিনিয়র সহঃ পরিচালক
ফোকাল পয়েন্ট (এপিএ)
এমআরএ

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বিসয়ক কমিটির সভা (তারিখঃ ০৬/০১/২০২২)

| নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| লক্ষণ চন্দ্র দেবনাথ | নির্বাহী পরিচালক, সাপোর্ট সার্ভিস ও কমিটি প্রধান | |
| মুহাম্মদ মাজেদুল হক | পরিচালক, ফিন্যান্স এন্ড ফান্ড ম্যানেজমেন্ট শাখা ও সদস্য | |
| চন্দন কুমার দাস | সিস্টেম এ্যানালিস্ট ও ইনোভেশন টিমের ফোকাল পার্সন ও সদস্য | |
| মুহাম্মদ শহিদুল ইসলাম | উপ-পরিচালক ও জিআরএস কমিটির ফোকাল পার্সন ও সদস্য | |
| প্রদীপ কুমার ঘোষ | উপ-পরিচালক ফিন্যান্স এন্ড ফান্ড ম্যানেজমেন্ট শাখা ও সদস্য | |
| মুহাম্মদ মিজানুর রহমান | উপ-পরিচালক, এমআইএস এন্ড সিডিবি শাখা ও সদস্য | |
| জিনাত আমান বন্যা | উপ-পরিচালক, এইচআর শাখা ও নৈতিকতা কমিটির ফোকাল পার্সন ও সদস্য | |
| রনজিত কুমার সরকার | তথ্য কর্মকর্তা ও সদস্য | |
| মো: আরিফুজ্জামান | সিনিয়র সহকারী পরিচালক, ফিন্যান্স এন্ড ফান্ড ম্যানেজমেন্ট শাখা ও ফোকাল পয়েন্ট | |